# জাতীয় বিশ্ববিদ্যালয়

## মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি নির্দেশিকা: ২০১৮-২০১৯

(সংশ্লিষ্ট কোর্সসমূহের জন্য চলমান শিক্ষাবর্ষ প্রযোজ্য হবে)

### মাস্টার্স (প্রফেশনাল)/ডিপ্লোমা (প্রফেশনাল) কোর্সসমূহ

- ব্যাচেলর অব ল'স [ এলএলবি ] ১ম পর্ব
- পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্ণালিজম
- পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স
- মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজী এন্ড পুলিশ ম্যানেজমেন্ট
- পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স
- এমএসসি ইন কম্পিউটার সায়েন্স
- মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন [এমবিএ]
- এম বি এ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং
- পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী
- পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক

### ভর্তি বিষয়ক ওয়েবসাইট

(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)

SMS: nu<space>atpm<space>roll no টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে

### সাধারণ নির্দেশনা

- এ ভর্তি কার্যক্রমে ১২ এপ্রিল হতে ০৬ মে ২০১৮ তারিখের মধ্যে আগ্রহী প্রার্থীকে নির্দিষ্ট ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) থেকে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে সংশ্লিষ্ট কলেজে ০৭ মে ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।
- এই ভর্তি কার্যক্রমে প্রাথমিকভাবে আবেদনকারী প্রার্থীদের শুধুমাত্র স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করে কোর্স বরাদ্দ দেয়া হবে।
- ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর মাধ্যমে জানা যাবে। **SMS (nu<space>atpm<space>roll no টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে)** এর মাধ্যমে শুধুমাত্র ভর্তির ফলাফল জানা যাবে।
- প্রাথমিক আবেদন ফরমে শিক্ষার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার প্রাথমিক আবেদন ফরম/ চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- সংশ্লিষ্ট কলেজ কর্তৃক Blank Data Entry Form এর মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের (স্নাতক পর্যায়ের সনদ অনুযায়ী) সকল তথ্য সঠিক আছে কিনা তা যাচাইপূর্বক একটি প্রত্যয়ন পত্র দিন, স্নাতকোত্তর শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর দাখিল করতে হবে। উক্ত প্রত্যয়ন পত্র ব্যতীত Blank Data Entry Form এর মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।
- এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (প্রফেশনাল)/ডিপ্লোমা (প্রফেশনাল) কোর্স পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত কোর্সে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- একই শিক্ষাবর্ষে/একই বছরে কোন প্রার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১। মাস্টার্স (প্রফেশনাল)/ডিপ্লোমা (প্রফেশনাল) ডিগ্রীর কোর্সসমূহে ভর্তির আবেদনের যোগ্যতা

| ক্রম | ভর্তিচ্ছু বিষয়সমূহ ও বিষয় কোড | শিক্ষাবর্ষ | মেয়াদকাল | ভর্তির ন্যূনতম যোগ্যতা | আবেদনের শর্ত |
|---|---|---|---|---|---|
| ক) | Bachelor of Laws (LLB) Part-1 | ২০১৮-২০১৯ | ১ বছর | জাতীয় বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতিত অন্য কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান)/স্নাতক (পাস)/ বিবিএ (সম্মান)/বিকম (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ভর্তির জন্য মাইগ্রেশন সার্টিফিকেট দাখিল করতে হবে। |
| খ) | Postgraduate Diploma in Journalism | | | | |
| গ) | Postgraduate Diploma in Library & Information Science | | | | |
| ঘ) | M.Sc in Computer Science | ২০১৬-২০১৭ | ১ বছর | জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ২০১৬ সাল বা তৎপূর্বে চার বছর মেয়াদী বি.এসসি ইন কম্পিউটার সায়েন্স পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | |
| ঙ) | Master of Business Administration (MBA) | ২০১৬-২০১৭ | ১ বছর | জাতীয় বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী বিবিএ (সম্মান)/বি কম (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | |
| চ) | MBA in Apparel Merchandising | ২০১৭-২০১৮ | ২ বছর | জাতীয় বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/ চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | |
| ছ) | Master's in Applied Criminology & Police Management | ২০১৭-২০১৮ | ১ বছর | জাতীয় বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে চার বছর স্নাতক (সম্মান) অথবা মাস্টার্স পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে। | এ ভর্তি কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তত্ত্বাবধানে পরিচালিত হবে। কলেজ কর্তৃক সংশ্লিষ্ট কোর্সে আবেদনের যোগ্যতা যাচাই করে প্রাথমিক আবেদন গ্রহণ করতে হবে। |
| জ) | Postgraduate Diploma in Sports Science | | | জাতীয় বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | |
| ঝ) | Postgraduate Diploma in Music | | | | |
| ঞ) | Postgraduate Diploma in Photography | ২০১৮-২০১৯ | | | |

২। **Online** এ প্রাথমিক আবেদন ফরম পূরণ ও করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন **(Login)** | ক) এল এল বি ১ম পর্ব, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্ণালিজম, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স, মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন [এমবিএ] ও এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং কোর্সে আবেদনের জন্য প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)** এর **Masters Tab Select** করে **Blank Data Entry Form (Masters prof.)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে নাম. পিতা ও মাতার নামসহ সংশ্লিষ্ট স্নাতক (সম্মান)/স্নাতক (পাস)/সমমান পরীক্ষার রোল নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, পঠিত বিষয়/কোর্স, প্রাপ্ত নম্বর (**Marks Obtained**) ও মোট নম্বর (**Total Marks**), ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়াও প্রার্থীর স্নাতক পর্যায়ে অর্জিত সনদ ও মার্কশীটের সত্যায়িত কপি স্ক্যান করে আপলোড করতে হবে। **<u>প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন/ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।</u>**<br><br>খ) এমএসসি ইন কম্পিউটার সায়েন্স কোর্সে আবেদনের জন্য প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)** এর **Masters Tab Select** করে **Apply Now (Masters prof.)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে সংশ্লিষ্ট স্নাতক (সম্মান) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।<br><br>**গ) পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স, মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজী এন্ড পুলিশ ম্যানেজমেন্ট, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী ও পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক কোর্সে ভর্তিচ্ছু প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন না, তারা ভর্তির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরাসরি যোগাযোগ করবে।**<br>**<u>যোগাযোগের ঠিকানা:</u>**<br>**১। পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স ( বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার)**<br>**২। মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজী এন্ড পুলিশ ম্যানেজমেন্ট (পুলিশ স্টাফ কলেজ, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬)**<br>**৩। পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী, ১৪, পূর্ব শেওড়াপাড়া,মিরপুর, কাফরুল, ঢাকা।**<br>**৪। পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক, ২/৭, ব্লক-বি, লালমাটিয়া, ঢাকা-১২০৭** |
| সঠিক লিঙ্গ **(Gender)** নির্ধারণ | আবেদনকারীর তথ্য ছকে **Male** এর স্থলে **Female** বা **Female** এর স্থলে **Male** প্রদর্শিত হলে <u>Click to Change</u> অপশনে গিয়ে সঠিক তথ্য দিতে হবে। |
| প্রতিষ্ঠান/কলেজ পছন্দ | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কোন প্রতিষ্ঠান/কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কলেজের অধিভুক্ত মাস্টার্স (প্রফেশনাল) কোর্সসমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। |
| কোর্স পছন্দক্রম | ওয়েবসাইটের তথ্য ছকে পছন্দ অনুযায়ী একটি প্রতিষ্ঠান/কলেজ **Select** করে এন্ট্রি দিলে আবেদনকারী তার ভর্তি যোগ্য (**Eligible**) কোর্সসমূহের তালিকা দেখতে পাবে এবং এই তালিকা থেকে প্রার্থীকে সতর্কতার সংগে তার প্রার্থিত কোর্সের পছন্দ নির্ধারণ করতে হবে। |
| কোটা | মুক্তিযোদ্ধার সন্তান/ আদিবাসি/ প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য প্রযোজ্য যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। |
| ছবি সংযোজন | আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ **120×150 pixels, Image Type: jpg Ges maximum file size: 50Kb.** হতে হবে। |
| ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5”×11”) অফসেট সাদা কাগজে] প্রিন্ট (**Print**) নিতে হবে। |
| সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কলেজে ফরম জমা ও ফি প্রদান | আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমের নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীর স্নাতক (সম্মান)/স্নাতক (পাস)/বিবিএ (সম্মান)/বিকম (সম্মান) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে ফেরত দেয়া হবে। কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে। |

| | |
|---|---|
| আবেদন ফরম বাতিলকরণ/ ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন | আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Masters Tab Select** করে **Applicant's Login (Masters Prof.)** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে। |

৩। মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে*) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন

| কোটার প্রকৃতি | সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত একটি কোর্সে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে। কোর্স ভিত্তিক আসন বণ্টন | কোটার কোর্সভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি কলেজে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না। কলেজভিত্তিক আসন বণ্টন | কোটায় আবেদন করার শর্ত |
|---|---|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান | ০৩ টি | ১৫ টি | সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। |
| আদিবাসি | ০১ টি | ০৭ টি | |
| প্রতিবন্ধী | ০১ টি | ০৩ টি | |
| মোট | ০৫ টি | ২৫ টি | |

৪। পোষ্য (**Ward**) কোটায় ভর্তি

এই ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। এ কোটায় আবেদনকারীকে পোষ্যের প্রমাণ পত্রের সংগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকেও পোষ্য হিসাবে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। ভর্তির জন্য পোষ্যকে ভর্তি নির্দেশিকার সকল শর্তপূরণ করতে হবে। একটি কলেজে সর্বোচ্চ ০২ (দুই) জন আবেদনকারী মেধার ভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এ আসন অতিরিক্ত বলে বিবেচিত হবে।

৫। ফলাফল

ক) মাস্টার্স/ডিপ্লোমা (প্রফেশনাল) কোর্সসমূহে ভর্তির জন্য আবেদনকারী প্রার্থীদের স্নাতক (সম্মান)/ স্নাতক (পাস)/সমমান পর্যায়ে নিম্নরূপ হারে সর্বমোট ১০০ (একশত) নম্বরের ভিত্তিতে প্রতিটি প্রতিষ্ঠান/কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে কোর্স বরাদ্দ দেয়া হবে।

মেধা তালিকা প্রণয়নের জন্য নম্বর বন্টন

| স্নাতক (সম্মান)/স্নাতক (পাস)/ সমমান পর্যায়ে সনাতন পদ্ধতিতে নম্বর বন্টন | স্নাতক (সম্মান)/স্নাতক (পাস)/ সমমান পর্যায়ে প্রাপ্ত জিপিএ পদ্ধতিতে নম্বর বন্টন | সর্বমোট নম্বর |
|---|---|---|
| $\frac{\text{প্রাপ্ত নম্বর}}{\text{বিষয়/কোর্সের সর্বমোট নম্বর}} \times ১০০$ | $\frac{\text{প্রাপ্ত সিজিপিএ}}{\text{মোট স্কেল}} \times ১০০$ | ১০০ |

খ) একই প্রতিষ্ঠান/কলেজের দুই বা ততোধিক আবেদনকারীর মেধাস্কোর সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর জন্ম তারিখের নিম্নক্রম অনুসারে মেধাক্রম নির্ধারণ করা হবে।

গ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, প্রয়োজন হলে শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, কোটা এবং রিলিজ স্লিপের মেধা তালিকা প্রকাশ করা হবে।

ঘ) সংশ্লিষ্ট কলেজ **User ID, Password** ও **OTP** ব্যবহার করে ভর্তির বিষয়ওয়ারী ফলাফল দেখতে পারবে। শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট (**www.admissions.nu.edu.bd** অথবা **nu.edu.bd/admissions**) এবং SMS (**nu<space>atpm<space>roll no** টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকেও ফলাফল জানতে পারবে।

৬। মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীকে **Masters Tab Select** করে **Applicant's Login (Masters prof.)** অপশনে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর নাম, বরাদ্দকৃত কোর্স, সংশ্লিষ্ট কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ ভর্তির আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| আবেদন ফরমের প্রিন্ট | **সঠিক তথ্যসহকারে ভর্তির আবেদন ফরমটি Submit Application** অপশনে ক্লিক করলে **একটি চূড়ান্ত ভর্তির আবেদন ফরম ওয়েবসাইটে দেখা যাবে। উক্ত ফরমটির দুই কপি A4** (8.5"×11") অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে। পরবর্তীতে রোল নম্বর ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে। |
| সংশ্লিষ্ট কলেজে ফরম জমা | আবেদনকারীকে প্রিন্ট করা চূড়ান্ত ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে আবেদনকারীর **স্নাতক (সম্মান)/স্নাতক (পাস)/বিবিএ (সম্মান)/বিকম (সম্মান) পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও রেজিস্ট্রেশন ফি (অনুচ্ছেদ-১০ অনুযায়ী)** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। চূড়ান্ত ভর্তি ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরত দিবে । |
| কোটার ফলাফল | **মেধা তালিকার ভর্তি শেষ হলে কোটার মেধা তালিকা প্রকাশ করা হবে।** |
| চূড়ান্ত ভর্তি নিশ্চায়ন | **সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীর চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করা হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শিক্ষার্থীকে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এছাড়াও শিক্ষার্থী** Online এ লগইন করেও তা জানতে পারবে। |

৭। রিলিজ স্লিপে আবেদন ফরম পূরণ

প্রয়োজন হলে কোর্সভিত্তিক শূণ্য আসনে রিলিজ স্লিপে ভর্তির সুযোগ প্রদান করা হবে। **যে সকল শিক্ষার্থী ক) মেধা তালিকায় স্থান পায়নি খ) মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত কোর্সে ভর্তি হয়নি গ) ভর্তি বাতিল করেছে, সে সকল শিক্ষার্থী রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।** একজন প্রার্থী **তিনটি কলেজে** আলাদাভাবে কোর্স পছন্দ নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

| রিলিজ স্লিপের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | **রিলিজ স্লিপে আবেদনের জন্য প্রার্থীকে Masters Tab Select** করে **Applicant's Login (Masters prof.)** অপশনে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| কলেজ ও কোর্স পছন্দক্রম নির্ধারণ | রিলিজ স্লিপের আবেদন ফরমের **College option** এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী **প্রতিষ্ঠান**/কলেজ **Select** করলে ঐ **প্রতিষ্ঠান**/কলেজের কোর্সভিত্তিক শূণ্য আসনের তালিকা ও তার **Eligible** কোর্স দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার **Eligible কোর্সের** তালিকা থেকে নতুন করে পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী **সর্বোচ্চ তিনটি প্রতিষ্ঠান/কলেজে** কোর্স পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে পারবে। |
| আবেদন ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্যসহকারে ফরম পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করলে আবেদনকারী তার নাম, ভর্তির প্রাথমিক আবেদনের রোল নম্বর, পিন কোড ও কলেজের নাম ও কোর্স পছন্দক্রমসহ একটি নতুন আবেদন ফরম ওয়েবসাইটে দেখতে পাবে। উক্ত ফরমটি **Download** করে **A4** (8.5"×11") অফসেট সাদা কাগজে প্রিন্ট (Print) নিতে হবে তবে **এটি সংশ্লিষ্ট কলেজসমূহে জমা দিতে হবে না।** |
| রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলকরণ | রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্তকরণের পরও যদি কোন শিক্ষার্থী তার আবেদন ফরমে কলেজ/ কোর্সের পছন্দক্রম সংশোধন বা পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Applicant's Login (Masters Prof.)** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel Option** এ গিয়ে **Click to Generate OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে শিক্ষার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর ও ই-মেইল (যদি থাকে) সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে।<br>► প্রার্থীরা চূড়ান্ত ফরম বাতিলের সুযোগ মাত্র একবারই পাবে। |
| রিলিজ স্লিপের ফলাফল | রিলিজ স্লিপের ফলাফল নির্ধারিত সময়ে প্রকাশ করা হবে। রিলিজ স্লিপে আবেদনকারী প্রার্থীদের কোর্স পরিবর্তনের কোন সুযোগ থাকবে না। |
| চূড়ান্ত ভর্তি ফরম সংগ্রহ ও ভর্তি | কোন প্রার্থী রিলিজ স্লিপের মাধ্যমে তার নির্বাচিত প্রতিষ্ঠান/কলেজে কোর্স বরাদ্দ পেলে তাকে website থেকে ভর্তির চূড়ান্ত ফরম প্রিন্ট করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীর স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও ভর্তি ফি (**অনুচ্ছেদ-১০ অনুযায়ী**) সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। রিলিজ স্লিপে ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রতিষ্ঠান/কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরত দিবে । |

৮। সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের করণীয় বিষয়সমূহ

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| সংশ্লিষ্ট কলেজের User ID, Password ও One Time Password (OTP) সংগ্রহ | জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বরাদ্দকৃত User ID I Password দিয়ে সংশ্লিষ্ট কলেজকে তাদের ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য Login করতে হবে। প্রাথমিক আবেদন ফরম ও ভর্তি নিশ্চয়নের সময় Click to Generate OTP অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS ও e-mail এর মাধ্যমে/কলেজ ই-মেইল এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP ব্যবহার করে প্রার্থীর ভর্তি নিশ্চয়ন করা যাবে। এ লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষকে ভর্তির কার্যক্রমের সংগে সংশ্লিষ্ট দুই জন দায়িত্বশীল শিক্ষকের মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর ভর্তি প্রক্রিয়া শুরুর পূর্বে প্রেরণ করতে হবে। |
| ভর্তির প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ | সংশ্লিষ্ট কলেজ প্রার্থীর কাছ থেকে ভর্তির প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ করবে এবং নির্ধারিত ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা জমা রেখে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করবে। কলেজ কর্তৃক কোন প্রার্থীর প্রাথমিক আবেদন ফরম চূড়ান্ত করা না হলে ঐ প্রার্থীর মেধা তালিকা প্রণয়ন করা হবে না। |
| প্রাথমিক আবেদন ফরমে সঠিক তথ্য ও ছবি যাচাই | কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে প্রার্থীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। কোন প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে অনলাইনে আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে। উল্লেখ্য যে, প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/ ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে। |
| ভর্তির প্রাথমিক আবেদন 'ফি'র নির্ধারিত অংশ "সোনালী সেবা" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ | সংশ্লিষ্ট কলেজকে শিক্ষার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি শিক্ষার্থী থেকে প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Application Payment Info (Masters Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। ভর্তির প্রাথমিক আবেদন (ভর্তি ফান্ড) ফি'তে সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100003245 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে। |

৯। চূড়ান্তভাবে ভর্তির বিষয়ে কলেজের করণীয়:

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য যাচাই | সংশ্লিষ্ট কলেজকে চূড়ান্তভাবে ভর্তিকৃত প্রার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত শিক্ষাগত যোগ্যতার সকল তথ্যাদি (পরীক্ষার রোল, বিশ্ববিদ্যালয়ের নাম, প্রাপ্ত নম্বর ও জন্ম তারিখ) শিক্ষার্থীর দাখিলকৃত নম্বরপত্রের সংগে মিলিয়ে দেখতে হবে। কোন প্রার্থীর তথ্যগত অসংগতি বা ত্রুটিপুর্ণ ছবি পরিলক্ষিত হলে ভর্তি নিশ্চয়ন না করে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে অবিলম্বে বিষয়টি ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর লিখিতভাবে অথবা ই-মেইল এর মাধ্যমে জানাতে হবে। |
| Blank Data Entry Form এর মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য যাচাই | Blank Data Entry Form আবেদনকারীদের শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূলকপি যাচাই করে ভর্তি নিশ্চয়ন করতে হবে এবং ভর্তি কার্যক্রম সম্পন্নের পর "প্রার্থী/প্রার্থীদের ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদি সঠিক"- মর্মে একটি প্রত্যয়নপত্রসহ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের একটি তালিকা কলেজ অধ্যক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) দপ্তরে প্রেরণ করবেন। উক্ত প্রত্যয়ন পত্র ব্যতীত Blank Data Entry Form এর মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। |
| প্রার্থীদের অনলাইনে এন্ট্রি নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট কলেজকে মেধা তালিকা, বিষয় পরিবর্তন, রিলিজ স্লিপে ও কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের স্ব স্ব কোর্সে ভর্তি নিশ্চয়নের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে এন্ট্রি সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন শিক্ষার্থীর এন্ট্রি website এ নিশ্চিত করা না হলে উক্ত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। |
| ভর্তি ফি'র নির্ধারিত অংশ সোনালী সেবার মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ | সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীদের ভর্তি ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [ ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Masters prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের মাস্টার্স (প্রফেশনাল) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে। |

১০। চূড়ান্ত ভর্তির কোর্সওয়ারী ফিসের হার

| কোর্সের নাম | ফিসের ধরণ | ফিসের হার |
|---|---|---|
| পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম/ পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স /পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১,০০০/ (এক হাজার) টাকা<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট ১,০৩৫/- (এক হাজার পঁয়ত্রিশ) টাকা |

| | | |
|---|---|---|
| এলএলবি ১ম পর্ব/ পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স/ এমএসসি ইন কম্পিউটার সায়েন্স | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট ১,২৩৫/- (এক হাজার দুইশত পঁয়ত্রিশ) টাকা |
| মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজী এন্ড পুলিশ ম্যানেজমেন্ট | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ২,০০০/ (দুই হাজার) টাকা<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট ২,০৩৫/- (দুই হাজার পঁয়ত্রিশ) টাকা |
| মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ৬,০০০/ (ছয় হাজার) টাকা<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট ৬,০৩৫/- (ছয় হাজার পঁয়ত্রিশ) টাকা |
| এম বি এ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১৫,০০০/ (পনের হাজার) টাকা<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট ১৫,০৩৫/- (পনের হাজার পঁয়ত্রিশ) টাকা |
| | শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি | = ৭০০/- (সাতশত) টাকা |

**স্বাক্ষরিত/-**
(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ই-মেইল- pgdeanoffice@gmail.com

© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।